



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/গাইবান্ধা -৭৯/ ২০২৬/৪

তারিখঃ ২৯.১২.২০১৮খ্রিঃ

বিষয়ঃ সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ব্যাখ্যা দাখিলকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলাধীন ধর্মপুর ইসলামিয়া দ্বিমুখী দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি কর্তৃক গত ৩১-১২-২০১৭ ইং তারিখে সুপার জনাব মো: আব্দুল মান্নানকে সাময়িক বরখাস্ত করা হয়। সাময়িক বরখাস্তের বিরুদ্ধে সুপার মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশান নং-১০৯৯১/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগ ৬০ কর্ম দিবসের অধিক সাময়িক বরখাস্ত করণ করায় সম্পূর্ণ বেতন ভাতা প্রদানের আদেশ জারি করেন। সুপার (সাময়িক বরখাস্ত কৃত) অত্র বোর্ডে আবেদন করেন যে, সম্পূর্ণ বে-আইনী ও এখতিয়ার বহির্ভূতভাবে তাকে বরখাস্ত করা হয়। সাময়িক বরখাস্তের সময়ে জীবন ধারণ ভাতা প্রদান করা হয় নি এবং ৬০ কর্ম দিবসের বেশি সময় সাময়িক বরখাস্ত রাখা হলেও পূর্ণ বেতন-ভাতা প্রদান করা হয়নি যা মহামান্য হাইকোর্টের আদেশ ও শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা পরিপন্থি (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় সুপার (সাময়িক বরখাস্ত) এর আবেদনের বিষয়ে উক্ত মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারের লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে অত্র বোর্ডে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সভাপতি/ভারপ্রাপ্ত সুপার, ধর্মপুর ইসলামিয়া দ্বিমুখী দাখিল মাদ্রাসা।
ডাকঘর- রতনপুর, উপজেলা- গোবিন্দগঞ্জ, জেলা- গাইবান্ধা।

নং-বামাশিবো/প্রশাসন/গাইবান্ধা -৭৯/ ২০২৬/৪

তারিখঃ ২৯.১২.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, গাইবান্ধা।
২. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪